আজকের কাগজ ৬।

তারিখ ... 10 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

## ঢাঃ বিঃ ৫টি হলে তল্লাশি ।। পুলিশ গ্রেফতার করেছে ৭ কেন্টিন কর্মচারিকে

কাগজ প্রতিবেদক : পুলিশ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫টি আবাসিক হলে ৩ ঘণ্টা তল্লাশি চালিয়ে ৭ জন ক্যান্টিন কর্মচারিকে গ্রেফতার করেছে। কোনো অস্ত্র উদ্ধার করা সম্ভব হয়নি। আবাসিক ছাত্র ও পুলিশ সূত্রে জানা যায়, বিপুল পরিমাণে দাঙ্গা পুলিশ ভোর ৪টা থেকে ৭টা পর্যন্ত তল্লাশি চালায়। হলগুলো হলো মুহসীন হল, সূর্যসেন হল, জসিমউদ্দিন হল, জিয়া ও বঙ্গবন্ধু হল। এ সব হল জাতীয়তাবাদী ছাত্রদলের দখলে ছিলো। এদিকে গত ৪ সেপ্টেম্বর দু'জন ছাত্র নিহত হওয়ায় অস্ত্রধারী তরুণরা রাতে হলের বাইরে থাকে দিনে আবার হলে এসে ওঠে। ক্যাম্পাসে ব্যাপক ধরপাকড় শুরু হতে পারে এই জন্য তারা রাতের বেলা অন্যত্র গিয়ে থাকে।

মাও সেতুং-এর মৃত্যুবার্ষিকীতে বক্তারা